

Total number of printed pages-4

1 (Sem-1/FYUGP) BEN41MJ

2025

BENGALI

(Major)

Paper : BEN4100104 MJ

(শিশু ও কিশোর সাহিত্য)

Full Marks : 60

Time : 2½ hours

**The figures in the margin indicate
full marks for the questions.**

- ১। নিম্নলিখিত প্রশ্নগুলির অতি সংক্ষিপ্ত উত্তর দাও : $1 \times 8 = 8$
- (ক) সেথো হাঁসেদের দলের পাণ্ডা হাঁসটির নাম কী?
- (খ) বাগদি চর কোন নদীর কূলে অবস্থিত?
- (গ) হুকোমুখোর বাড়ি কোথায়?
- (ঘ) শ্যামাদাস ভুলবশত কোন বই নামিয়ে এনেছিল?
- (ঙ) পাঁচুমামা সংস্কৃত পরীক্ষায় কত নম্বর পেয়েছিলেন?
- (চ) পদিপিসি প্রাতরাশে কী খেতেন?

(ছ) প্রোফেসর শঙ্কুর সম্পূর্ণ নাম কী?

(জ) প্রোফেসর শঙ্কুর ল্যাবরেটরিটি কোথায় অবস্থিত?

২। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর সংক্ষেপে লেখো : (যে-কোনো ছয়টি)
২×৬=১২

(ক) 'বুড়ো আংলা' গ্রন্থে উল্লিখিত দুটি গ্রামের নাম লেখো।

(খ) খোঁড়া হাঁসকে কে কোথা থেকে কিনে এনেছিল?

(গ) 'খিচুড়ি' কবিতায় উল্লিখিত গিরগিটি ও জিরাফ কী রূপ ধারণ করেছিল?

(ঘ) 'কামড়ে দেবে সাবধানেতে তুলিস' — কে, কার সম্পর্কে এই উক্তি করেছে?

(ঙ) খুড়োর কল কে তৈরি করেছিল? তার সম্পর্কে কী ভবিষ্যৎ-বাণী করা হয়েছিল?

(চ) পাঁচুমামার চেহারা কেমন? তাঁর স্বাস্থ্য এরূপ হবার কারণ কী?

(ছ) নিমাইখুড়োর বাড়ি পোঁছে পদিপিসি কী রেঁখেছিলেন? নিমাইখুড়ো পদিপিসিকে প্রথম কত টাকা দিতে চেয়েছিলেন?

(জ) প্রোফেসর শঙ্কু নরওয়ের কোন শহরে গিয়েছিলেন? শহরটি কোন উপত্যকায় অবস্থিত?

(ঝ) লেমিং নামক প্রাণীটির দুটি বিশেষত্ব উল্লেখ করো।

(ঞ) প্রোফেসর শঙ্কু ইংল্যান্ডে কার কটেজে ছিলেন এবং তা কোথায় অবস্থিত?

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও : (যে-কোনো চারটি)

৫×৪=২০

(ক) গণেশের বাহন ইঁদুর রিদয়কে কী বলেছিল?

(খ) রিদয়ের বাড়িটির সংক্ষিপ্ত বিবরণ দাও।

(গ) বড়বাবুর গৌঁফচুরিকে কেন্দ্র করে হেড-অফিসে যে-বাঞ্ছাট তৈরি হয়েছিল তা বর্ণনা করো।

(ঘ) খুড়োর তৈরি কলের অভিনবত্ব আলোচনা করো।

(ঙ) স্টেশন থেকে পাঁচুমামার গৃহযাত্রার বিবরণ দাও।

(চ) বর্মিবাক্স উদ্ধারের জন্যে পাঁচুমামা যে-সংকল্প গ্রহণ করেছিলেন তা সংক্ষেপে আলোচনা করো।

(ছ) টাফা গ্রহে পোঁছে শঙ্কুর কীরূপ অভিজ্ঞতা হয়েছিল তা বর্ণনা করো।

(জ) প্রোফেসর শঙ্কু কোন মাসে সুইডেন গিয়েছিলেন? সুইডেনের প্রকৃতির যে-বিবরণ তিনি দিয়েছেন তা নিজের ভাষায় লেখো।

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর সংক্ষেপে লেখো : (যে-কোনো দুটি)
১০×২=২০

(ক) রূপকথা হিসেবে 'বুড়ো আংলা' গ্রন্থটি পর্যালোচনা করো।

- (খ) ‘আবোল তাবোল’ কবিতাটির মূলভাব নিজের ভাষায় লেখো।
- (গ) বিয়ের মঙ্গলের পুঁথিতে গজা ডায়েরি আকারে যে-সব কথা লিখে রেখেছিল তা সবিস্তারে লেখো।
- (ঘ) মঙ্গলগ্রহে পৌঁছে প্রোফেসর শঙ্কু যে-বিপজ্জনক অবস্থার সম্মুখীন হয়েছিলেন তা বর্ণনা করো।
- (ঙ) ‘বুড়ো আংলা’ গ্রন্থের “আমতলি” অধ্যায়ের বিষয়বস্তু সংক্ষেপে লেখো।
-